

# COVID-19 টিকাসমূহ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের যা জানা উচিত

COVID-19 টিকাসমূহ বর্তমানে 16 বছর ও তার ঊর্ধ্ববয়সী সকল নিউ  
ইয়র্কবাসীর জন্য উপলব্ধ।



## COVID-19 টিকাগুলি নিরাপদ এবং কার্যকরী।

COVID-19 টিকাসমূহ তৈরি করার সময় বৈজ্ঞানিকরা অন্যান্য টিকাসমূহের উপর তাদের বহু দশকের গবেষণাকে কাজের ভিত্তি হিসেবে ব্যবহার করেছেন। টিকাগুলোকে বিভিন্ন বয়স, জাতি ও বর্ণের হাজার হাজার মানুষের উপর ব্যাপক চিকিৎসাগত অধ্যয়নের মাধ্যমে পরীক্ষা করা হয়েছে। এই গবেষণাগুলোতে দেখা গেছে যে টিকাগুলি মানুষকে COVID-19 জনিত গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যু থেকে রক্ষায় অত্যন্ত কার্যকর। খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) টিকাগুলোকে জরুরী ব্যবহারের জন্য অনুমোদন দিয়েছে।



## আপনার কিছু পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে।

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলি হল হাতের যেখানে আপনার টিকা দেওয়া হয়েছে সেখানে ব্যথা বা ফুলে যাওয়া, মাথাব্যথা, শরীরে ব্যথা, ক্লান্তি এবং জ্বর। এই টিকাগুলোতে COVID-19 সৃষ্টিকারী ভাইরাসটি নেই, এটি আপনার ডিএনএ-তে পরিবর্তন ঘটায় না এবং আপনাকে COVID-19 এ আক্রান্ত করে না।



## পূর্বসতর্কতাসমূহ অবলম্বন করতে থাকুন।

আমরা জানি যে টিকাগুলো আপনাকে সুরক্ষা দেয়, কিন্তু এগুলো ভাইরাসের বিস্তারের উপর কী প্রভাব ফেলে তা সম্পর্কে আমাদের আরো জানতে হবে। এই মুহূর্তে, এমনকি টিকা নেওয়ার পরেও, যদি আপনি অসুস্থ হন তাহলে বাড়িতে থাকা, অন্যদের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখা, মুখে সঠিকভাবে একটি আবরণ পরা এবং ঘন ঘন হাত ধোয়া অব্যাহত রাখুন।



## COVID-19 টিকাসমূহ আপনাকে বিনামূল্যে প্রদান করা হবে।

16 বছর ও তার ঊর্ধ্ববয়সী সকল নিউ ইয়র্কবাসী বিনামূল্যে টিকা নিতে পারবেন। টিকা পাওয়ার জন্য আপনার বীমা থাকতে হবে না অথবা কাউকে আপনার অভিবাসন স্থিতি জানাতে হবে না।



## টিকা নেওয়ার জন্য একটি কেন্দ্র খুঁজে নিন।

আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী এবং চাকরিদাতাকে জিজ্ঞেস করুন যে তারা টিকা প্রদান করছে কিনা। একটি টিকা অ্যাপয়েন্টমেন্ট বা টিকাদান কেন্দ্র খুঁজে পেতে [nyc.gov/vaccinefinder](https://nyc.gov/vaccinefinder) ভিজিট করুন অথবা 877-829-4692 নম্বরে কল করুন।



একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে  
[nyc.gov/vaccinefinder](https://nyc.gov/vaccinefinder) ভিজিট করুন  
অথবা 877-829-4692 নম্বরে কল করুন।